

এআরআইএস প্যারেন্ট লিংক (এপিএল) কী? www.arisparentlink.org?

এআরআইএস প্যারেন্ট লিংক (এপিএল) একটি অনলাইন উপকরণ যা আপনার সন্তান এবং আপনার সন্তানের স্কুলের অ্যাকাডেমিক তথ্য জোগায়। আপনার সন্তান সম্পর্কে শিক্ষকদের কাছে যে তথ্য রয়েছে এটি আপনাকে সেই একই তথ্য দেয়। এপিএল শহরে সবজায়গার তথ্য একজায়গায় জড় করে। এপিএল আপনাকে আপনার সন্তানের সাফল্য সহায়তা করতে আপনার সন্তানের শিক্ষকদের সাথে জুটি বাঁধায় আপনাকে সাহায্য করে।

এপিএল এ লগ ইন করতে আমার কী লাগবে?

- পাবলিক লাইব্রেরিতে লভ্য ইন্টারনেট সংযোগসহ একটি কম্পিউটার
- একটি ইমেইল ঠিকানা
- আপনার সন্তানের স্টুডেন্ট আইডি, যা আপনাকে “এআরআইএস প্যারেন্ট লিংকে স্বাগতম” চিঠিতে জানান হবে। এটি আপনার সন্তানের রিপোর্ট কার্ডে উল্লিখিত আছে।
- একটি অস্থায়ী পাসওয়ার্ড, যা আপনাকে দ্বিতীয় একটি চিঠির মাধ্যমে স্কুল থেকে জানান হবে।

এপিএল বিষয়ে আমি কীভাবে সহায়তা পেতে পারি?

এপিএল নিয়ে আপনার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। প্যারেন্ট কোঅর্ডিনেটর এসব প্রশ্নের উত্তর দিতে পারবেন:

- আমি কীভাবে ব্যবহারের জন্য কম্পিউটার ও ইমেইল ঠিকানা পেতে পারি?
- আমি কীভাবে ইউজার নেম/পাসওয়ার্ড পাব?
- আমি যা দেখছি সে-সম্পর্কে আরও জানতে আমি কার সাথে যোগাযোগ করব?
- আমার সন্তানকে সাফল্যলাভে সাহায্য করতে সহায়তার জন্য আমি কোথায় যাব?
- আমার যদি মনে হয় এপিএল এ আমার সন্তান সম্পর্কে নির্ভুল তথ্য নেই তাহলে আমি কী করব?

এপিএল এ আমার সন্তানের কি নিজের তথ্য দেখা ঠিক?

ছেলেমেয়েরা বড় হওয়ার সাথে সাথে নিজেদের তথ্য দেখা তাদের জন্য অনুপ্রেরণামূলক হতে পারে। এপিএল এর অন্যতম লক্ষ্য শিক্ষার্থীদের শিক্ষাগত প্রত্যাশা বাড়ান। আপনি যখনই বুঝবেন আপনার সন্তান এই তথ্য বুঝতে পারবে এবং গঠনমূলক ভাবে এটা ব্যবহার করতে পারবে তখনই তার সাথে বসে এই তথ্য দেখবেন।

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমে আমার একজনের বেশি সন্তান আছে। আমি কীভাবে প্রত্যেক সন্তানের তথ্য দেখব?

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমে প্রত্যেক ছেলেমেয়ের জন্য আলাদা আলাদা এপিএল অ্যাকাউন্ট তৈরি করা হয়। আপনি প্রত্যেক সন্তানের স্কুল থেকে আলাদাভাবে লগ ইন করার তথ্য পাবেন। আপনার সন্তানের তথ্য সুরক্ষিত রাখার উদ্দেশ্যে প্রত্যেক সন্তানের জন্য আলাদাভাবে লগ ইন করা প্রয়োজন।

একজন শিক্ষার্থীর কি একাধিক এপিএল অ্যাকাউন্ট থাকতে পারে?

সুরক্ষার স্বার্থে একজন শিক্ষার্থীর জন্য একটি এপিএল অ্যাকাউন্ট তৈরি করা হয়। আপনার সন্তানের স্কুল ফাইলে তত্ত্বাবধানকারী হিসেবে যে-পিতা অথবা মাতার নাম রয়েছে তার কাছে এপিএল এ লগ ইন করার তথ্য পাঠিয়ে দেবে।

এপিএল কি সামারে পাওয়া যাবে?

হ্যাঁ, এপিএল সন্তানের ৭ দিনই দিনেরাতে ২৪ ঘন্টা চালু সাইট রক্ষণাবেক্ষণের জন্য কখনও কখনও বন্ধ থাকতে পারে।

আমার সন্তানের তথ্য কি এআরআইএস প্যারেন্ট লিংকে সুরক্ষিত?

হ্যাঁ, আপনার তথ্য নিরাপদ। এআরআইএস এর ভাওরে ১২৮ বিট এসএসএল এনক্রিপশন দ্বারা তথ্য সুরক্ষিত রাখা হয়। ব্যাংক আর্থিক তথ্য গোপন রাখতে যে-ধরনের নিরাপত্তা ব্যবস্থা ব্যবহার করে এটিও সেদৃশ।

আমার সন্তানের গোপনীয়তা রক্ষা করা হয় কীভাবে?

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমের সূত্র এবং এপিএল এ আপনার সন্তানের তথ্য ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (এফইআরপিএ) দ্বারা সুরক্ষিত। এফইআরপিএ সম্পর্কে আরও জানতে দেখুন: <http://www.ed.gov/policy/gen/guid/fpco/ferpa/parents.html> .

আমি এপিএল এ আমার সন্তানের তথ্য ইংরেজি ব্যতীত আর কোন ভাষায় কি দেখতে পারি?

হ্যাঁ, সাইটিটি আরবি, বাংলা, চামনিজ, হেশিয়ান ফ্রেংল, কোরিয়ান, রাশিয়ান স্প্যানিশ ও উর্দু ভাষায় পূর্ণাঙ্গ অনুবাদ করা হয়েছে। আপনি www.arisparentlink.org পেজে এপিএল লগ এর একদম উপরে যথাযথ বাটনে ক্লিক করুন। আপনার সন্তানের মূল রিপোর্টিং উপাত্ত ছাড়া আর সব তথ্য এপিএল এর সর্বত্র আপনার পছন্দের ভাষায় পাবেন।

আমি একসাথে একটির বেশি ভাষায় এপিএল প্যারেন্ট লিংক দেখতে পারি?

আপনি একবারে শুধু একটি ভাষায় এপিএল এর তথ্য দেখতে পাবেন। আপনি এপিএল এ লগ ইন করার পর যে-ভাষা দেখতে পাবেন শুধু সে ভাষাতেই বাকি এপিএল দেখবেন। অন্য ভাষায় দেখতে হলে আপনাকে প্রথমে লগ আউট করতে হবে, এবং তারপর পছন্দের ভাষা নির্বাচন করে আবার লগ ইন করতে হবে।